মডেল টেস্ট-০৪

বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান— ১০০

[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: ১×৫০=৫০

১. সফলতা অর্জনের জন্য কোন পন্থা অবলম্বন করে তুমি কাজ করবে?

ক. সহজ পন্থা খ. উত্তম পন্থা
গ. মধ্যম পন্থা ঘ. জটিল পন্থা

২. ভগবান বুদ্ধের একজন অনুসারী হিসাবে তুমি জীবনে কোন আচরণটি করবে?

ক. সারাদিন বন্ধুকে প্রণাম করবো
খ. বৌদ্ধ ধর্মগ্রন্থ পাঠ করবো
গ. বুদ্ধের বাণী প্রচার করবো
ঘ. জীবনে বুদ্ধের উপদেশ মেনে চলবো

৩. তোমার বিদ্যালয়ের বাগানে ফুল ফুটছে না, তুমি কী করবে?

ক. বাগান যত্নের বিষয়টি নিয়ে ভাববো
খ. শিক্ষকের সাথে বিষয়টি নিয়ে কথা বলবো
গ. বন্ধুদের সাথে এ বিষয়ে কথা বলবো
ঘ. বন্ধুদের সাথে বাগানের উন্নতির জন্য কাজ করবো

৪. তোমাদের ধর্মের প্রবর্তক বুদ্ধত্ব লাভের পূর্বে কঠোর ধ্যান সাধনা শুরু করেন কেন?

ক. সুধা লাভের জন্য খ. দুঃখ মুক্তির জন্য
গ. নীরোগ থাকার জন্য ঘ. পাপ মোচনের জন্য

৫. তুমি নিজে সম্মান পেতে হলে কী করবে?

ক. অন্যকে সম্মান করবো
খ. যথাসময়ে সম্পাদন করবো
গ. সম্মান নেয়ার চেষ্টা করবো
ঘ. নিজেই নিজেকে সম্মান করবো

৬. সমাজে প্রশংসিত হতে চাইলে তুমি কোন কাজটি করবে?

ক. অন্যকে পরামর্শ দিবো
খ. সম্পদশালী হবো
গ. নিজের ভাল করার চেষ্টা করবো
ঘ. বিপদে অন্যকে সাহায্য করবো

৭. তোমার এক বন্ধু ডায়রিয়ায় আক্রান্ত হয়েছে এই অবস্থায় তুমি কী করবে?

ক. ডায়রিয়া হওয়ার কারণ জানবে
খ. তাৎক্ষণিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে
গ. বন্ধুর খাবার ও পানির ব্যবস্থা করবে
ঘ. অন্যদের তোমার বন্ধুর সমস্যার কথা বলবে

৮. তুমি মানুষের হিতের জন্য কোন কাজটি কর?

ক. কঠোর সাধনায় বসে থাকি
খ. সুন্দর জীবনযাপনের জন্য সকলকে পরামর্শ দেই
গ. বন্দনা করি যাতে সকলে ভালো থাকে
ঘ. সকলের সুখে-দুঃখে পাশে থাকি

৯. তোমার বিদ্যালয়ে যাওয়ার রাস্তাটি বর্ষাকালে ডুবে যায়। রাস্তাটির উন্নয়নে তুমি কী করবে?

ক. বাবা-মাকে জানাবো
খ. শিক্ষককে জানাবো
গ. একাকী চেষ্টা করবো
ঘ. একতাবদ্ধ হয়ে চেষ্টা করবো

১০. পূজা দেওয়ার সময় গাঁথাগুলো কীভাবে আবৃত্তি করবে?

ক. ধীরে ধীরে খ. উচ্চ স্বরে
গ. সুর করে ঘ. স্বাভাবিক স্বরে

১১. দান করার সময় তোমাকে সতর্ক থাকতে হবে কেন?

ক. ধর্মীয় রীতিনীতি সঠিক রাখতে
খ. সামাজিক স্বীকৃতি পেতে
গ. দাতার মনোবাসনা পূর্ণ করতে
ঘ. গ্রহীতা যেন খুশি থাকে

১২. দানের চেতনা যার নাই তাকে আমরা কী বলি?

ক. বলবান খ. ধনবান
গ. দাতা ঘ. কৃপণ

১৩. তোমার মা টিফিনের জন্য দুইটি বিস্কুট দিয়েছেন। তোমার বন্ধুর কিছু নেই। তোমার কী করা উচিত?

ক. দুইটি বিস্কুট খাবো
খ. একটি বিস্কুট পকেটে রেখে দেবো
গ. তাকে একটি দেওয়ার জন্য মাকে জিজ্ঞাসা করবো
ঘ. বন্ধুকে একটি বিস্কুট দিবো

১৪. তোমাদের ধর্মের প্রবর্তক পূর্ব জন্মের একটি উদাহরণ দিয়েছিলেন কেন?

ক. বিদ্বানের শ্রেষ্ঠত্ব প্রমাণের জন্য
খ. চরিত্রবানের শ্রেষ্ঠত্ব প্রমাণের জন্য
গ. ধনবানের শ্রেষ্ঠত্ব প্রমাণের জন্য
ঘ. সত্যবানের শ্রেষ্ঠত্ব প্রমাণের জন্য

১৫. চারিত্রিক গুণাবলি অর্জনে তুমি কী করবে?

ক. শীল পালন করবো
খ. সত্য কথা বলবো
গ. জ্ঞান চর্চা করবো
ঘ. অপরের উপকার করব

১৬. শীল আমাদেরকে কোন ক্ষেত্রে সাহায্য করে?

ক. বিপদ থেকে মুক্ত হতে
খ. মনকে প্রফুল্ল রাখতে
গ. মনে প্রাণে বিশুদ্ধ হতে
ঘ. দুঃখ থেকে দূরে থাকতে

Teachingbd.com

১৭. তোমার বন্ধু একটি ছাগল ছানাকে অনর্থক কষ্ট দিচ্ছে। তোমার করণীয় কী?
ক. বন্ধুকে বকা
খ. আত্মসংযম করা
গ. ছাগল ছানাকে মারা
ঘ. ছাগল ছানাকে রক্ষা করা

১৮. কেউ মিথ্যাকে সত্য প্রমাণের চেষ্টা করলে তুমি কী করবে?
ক. তার সাথে রাগ করবো
খ. যুক্তির মাধ্যমে সত্য প্রমাণ করবো
গ. তাকে প্রহার করবো
ঘ. তার কথা মেনে চলবো

১৯. অভিধর্ম পিটক অধ্যয়ন করলে তা তোমাকে কোন ক্ষেত্রে সহায়তা করবে?
ক. ধর্ম ও দর্শনের জ্ঞান বৃদ্ধিতে
খ. সুন্দর জীবন গঠনে
গ. ধর্মীয় নিয়ম পালনে
ঘ. ধর্ম ও রসায়ন শাস্ত্রে জ্ঞান বৃদ্ধিতে

২০. তুমি অভিধর্ম পিটকের প্রথম গ্রন্থ পাঠ করতে চাও। তুমি কোন গ্রন্থ পাঠ করবে?
ক. বিভঙ্গ
খ. ধাতুকথা
গ. ধম্মসঙ্গনি
ঘ. কথাবথু

২১. তুমি এমন একটি অভিধর্মের গ্রন্থ সম্পর্কে জেনেছ যার অর্থ প্রকৃত কারণ। তুমি কোন গ্রন্থ সম্পর্কে জেনেছ?
ক. কথাবথু
খ. যমক
গ. পট্‌ঠান
ঘ. ধম্মসঙ্গনি

২২. সঠিকভাবে বৌদ্ধধর্ম পালন করার জন্য তুমি কোন কাজটি গুরুত্বের সাথে করবে?
ক. অভিধর্ম সম্পর্কে জানবো
খ. গৌতম বুদ্ধের পূজা করবো
গ. ভালভাবে নিত্যকর্ম করবো
ঘ. নিয়মিত ত্রিপিটক পাঠ করবো

২৩. তোমার ধর্মের মূল ভিত্তি কী?
ক. ভোগবাদ
খ. বর্ণবাদ
গ. ভক্তিবাদ
ঘ. কর্মবাদ

২৪. কোনটি নির্বাণ তোমাকে লাভে সহায়তা করবে?
ক. সম্মান
খ. মর্যাদা
গ. ভালকর্ম
ঘ. আত্মতৃপ্তি

২৫. দুঃখ শব্দটি পালিতে লিখতে গেলে তুমি লিখবে—
ক. দুকখ
খ. দুক্ষ
গ. দখং
ঘ. দুখস

২৬. অনুরুদ্ধ সর্বদা সৎ কর্ম করতে চায় এ জন্য সে কার দৃষ্টান্ত অনুসরণ করবে?
ক. ভিক্ষুকের
খ. পুণ্যবানের
গ. চোরের
ঘ. অসৎ ব্যক্তির

২৭. তোমার একজন সহপাঠী নাপিত বলে কেউ তার সাথে মিশে না কিন্তু তুমি তার সাথে মিশে খেলা কর। একে কী বলা হয়?
ক. জাতিভেদের স্বপক্ষে
খ. জাতিভেদের বিপক্ষে
গ. জাতিভেদে বিশ্বাসী
ঘ. জাতিভেদের অন্তরায়

২৮. তুমি বুদ্ধের ধর্মবাণী শুনেছ। এ ধর্মবাণী কীভাবে সংরক্ষণ করা হয়েছে?
ক. আলোচনার মাধ্যমে
খ. সংগীতির মাধ্যমে
গ. মতামতের মাধ্যমে
ঘ. লিখিত আকারে

২৯. 'কালকণী' বলতে তোমার পাঠ্যবই-এ কী বুঝানো হয়েছে?
ক. কিছু করার জন্য দিনটি শুভ নয়
খ. খারাপ কিছু ঘটার সম্ভাবনা আছে
গ. বন্ধুবৎসল একজন ভদ্রলোক
ঘ. দিনটি ভাল হবে বলে মনে হয় না

৩০. অতি পন্ডিতের শঠতা থেকে তুমি কী শিক্ষা পেলে?
ক. অন্যের জিনিসের প্রতি লোভ করা ভাল নয়
খ. অপরের প্রতি বিশ্বাস রাখা
গ. কীভাবে অপরের মঙ্গল করা যায়
ঘ. অপরের কথা না শোনা

৩১. তুমি এমন একটি বিশ্ববিদ্যালয়ে পরিদর্শনে যেতে চাও যা গৌতম বুদ্ধের আবির্ভাবকালেই বিদ্যমান ছিল। কোনটি?
ক. বেনারস বিশ্ববিদ্যালয়
খ. পাঞ্জাব বিশ্ববিদ্যালয়
গ. কলকাতা বিশ্ববিদ্যালয়
ঘ. তক্ষশিলা বিশ্ববিদ্যালয়

৩২. তোমার বাবা ও মা রামুর রামকোট বিহার দর্শনে গেলেন। এ বিহারটি কোথায় অবস্থিত?
ক. কক্সবাজারে
খ. বান্দরবানে
গ. রাঙ্গামাটিতে
ঘ. সিলেটে

৩৩. বুদ্ধের সময় শ্রাবস্তী ছিল উত্তর প্রদেশের শ্রেষ্ঠ জনপদ। এর বর্তমান নাম কী?
ক. সাহেত-মাহেত
খ. পুন্ড্রবর্ধন
গ. বৈশালী
ঘ. রামকোট

৩৪. বৌদ্ধরা অনেক ধর্মীয় উৎসব পালন করে। এ অনুষ্ঠানের মাধ্যমে কী লাভ হয়?
ক. নরক
খ. পাপ
গ. পুণ্য
ঘ. কষ্ট

৩৫. তুমি ধর্মীয় অনুষ্ঠান পালন কর কেন?
ক. ধার্মিক হওয়ার জন্য
খ. ধর্ম সম্পর্কে জানার জন্য
গ. অর্জিত পুণ্যের দ্বারা সুখী হওয়ার জন্য
ঘ. অনুষ্ঠান উপভোগ করার জন্য

৩৬. তোমার ভাই আশ্বিনী পূর্ণিমা অনুষ্ঠানে যেতে চাইছে না। সেখানে যাওয়ার জন্য তুমি তাকে জোর করছ কেন?
ক. ভাল খাবার পাওয়া যাবে
খ. উপহার দেয়া হবে
গ. সবাই তাকে প্রশংসা করবে
ঘ. সে আনন্দ উপভোগ করবে

৩৭. মানবতা ও মানবিক গুণাবলির বহিঃপ্রকাশই বৌদ্ধধর্মের প্রধান বিশেষত্ব। নিচের কোনটি মানবিক গুণ?
ক. মিথ্যা
খ. হিংসা
গ. লোভ
ঘ. সত্য

৩৮. জীবনকে পূর্ণ মনুষ্যত্বে পর্যবসিত করতে হলে মৈত্রী, মুদিতা, দয়া প্রয়োজন। এগুলো মানুষকে কী হতে শেখায়?
ক. করুণাবান
খ. হিংসাপরায়ণ
গ. লোভাতুর
ঘ. নির্দয়

Teachingbd.com

৩৯. একটি সভ্য জাতির কাছে স্বাধীনতার চেয়ে দামি আর কিছু নেই। বাঙালি জাতি কত সালে স্বাধীনতা সংগ্রাম করেছিল?

ক. ১৯৭১ খ. ১৯৭২

গ. ১৯৭৩ ঘ. ১৯৭৫

৪০. গৌতম বুদ্ধ প্রাচীন ভারতের বিভিন্ন অঞ্চলে ঘুরে ঘুরে তাঁর বাণী প্রচার করেছেন। এগুলো কোন ভাষায় সংরক্ষিত আছে?

ক. বাংলা খ. পালি

গ. হিন্দি ঘ. ইংরেজি

৪১. শীতল মূল ত্রিপিটক পাঠ করছে। সে কোন ভাষায় এটি পাঠ করছে?

ক. পালি খ. বাংলা

গ. হিন্দি ঘ. ইংরেজি

৪২. তুমি ব্যঞ্জন বর্ণ উচ্চারণ করতে চাও। এটি কার সাহায্য ছাড়া উচ্চারিত হতে পারে না?

ক. ওষ্ঠ খ. কণ্ঠ

গ. দন্ত ঘ. স্বরবর্ণ

৪৩. ব্যঞ্জনবর্ণ পাঁচটি বর্গে বিভক্ত। এদের প্রথম ও দ্বিতীয় বর্ণকে কী বর্ণ বলে?

ক. অঘোষ খ. ঘোষ

গ. অল্পপ্রাণ ঘ. মহাপ্রাণ

৪৪. সিদ্ধার্থ গৌতমের সারথির নাম কী ছিল?

ক. অলক খ. ছন্দক

গ. পুলক ঘ. খুদ্দক

৪৫. পৃথিবীতে মাতা-পিতা হলো—

ক. ধর্মীয় শিক্ষক খ. জীবন দাতা

গ. পরম গুরু ঘ. উত্তম দেবতা

৪৬. ধূপ পূজার জন্য কোন সময় উত্তম?

ক. সন্ধ্যা বেলা খ. সকাল বেলা

গ. দুপুর বেলা ঘ. বিকাল বেলা

৪৭. কোন দুটি মানুষের অমূল্য সম্পদ?

ক. ধন ও রত্ন খ. টাকা ও পয়সা

গ. রাজা ও প্রজা ঘ. বিদ্যা ও চরিত্র

৪৮. কোন সংগীতিতে পূর্ণাঙ্গ ত্রিপিটক সংকলিত হয়?

ক. প্রথম সংগীতি খ. তৃতীয় সংগীতি

গ. দ্বিতীয় সংগীতি ঘ. চতুর্থ সংগীতি

৪৯. কোনটি দুষ্কর্মের অন্তর্গত?

ক. জরা, ব্যাধি খ. সুখ, আনন্দ

গ. জাতি, গোত্র ঘ. লোভ, দ্বেষ

৫০. উৎপলবর্ণা পদুমুত্তর বুদ্ধের সময় কোন নগরে জন্মগ্রহণ করেন?

ক. কপিলাবস্তু খ. শ্রাবস্তী

গ. কংসবতী ঘ. হংসবতী

২. নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ : (১৫টি প্রশ্ন থাকবে প্রথম ১০টি যোগ্যতাভিত্তিক।) ১×১৫ = ১৫

ক. তোমাদের ধর্মের প্রবর্তক কত রকম লিপি শিক্ষা সমাপ্ত করেন?

খ. পৃথিবীতে আমাদের পরমগুরু কারা?

গ. কিসের দ্বারা আমাদের চিত্ত পরিশুদ্ধ হয়?

ঘ. তুমি ভিক্ষু হতে চাও। তোমাকে কী করতে হবে?

ঙ. তুমি কীভাবে মানুষের সাথে একত্রে সুখে-শান্তিতে থাকতে পারবে?

চ. কী কারণে তুমি সুখ ও দুঃখ ভোগ করবে?

ছ. তোমরা থের বা থেরী হতে চাও। প্রকৃত থের বা থেরী কীভাবে হওয়া যায়?

জ. তোমার জানা কয়েকটি ভাষার নাম লেখ।

ঝ. ধর্ম ও ঐতিহ্যের প্রতি আগ্রহ সৃষ্টি করতে তুমি কী করবে?

ঞ. সংঘদান, কঠিন চীবর দান ও প্রবারণা তোমার জানা মতে কোন ধর্মের অনুষ্ঠান?

ট. ত্রিপিটকের প্রাণ বলা হয় কাকে?

ঠ. মানুষে মানুষে ভ্রাতৃত্ব, মৈত্রী, করুণা আর ভালোবাসার বন্ধন ও সৌহার্দ্য সৃষ্টি করে কোন উপদেশ?

ড. সুশীল বালক বলতে কাকে বোঝায়?

ঢ. পাঁচটি প্রসিদ্ধ বৌদ্ধ ঐতিহাসিক স্থানের নাম লেখ।

ণ. পালি ভাষায় স্বরবর্ণ কয়টি ও কী কী?

৩. ক থেকে জ-এর মধ্যে ৬টি প্রশ্নের উত্তর এবং ঝ ও ঞ থেকে ১টি প্রশ্নের উত্তর দাও : ৫×৭ = ৩৫

ক. সিদ্ধার্থ গৌতম ধর্ম সাধনার জন্য গৃহত্যাগ করেন। কোন তিথিতে তিনি গৃহত্যাগ করেন? গৃহত্যাগের পূর্ব মুহূর্তে তিনি কী করলেন? ১+৪=৫

খ. ত্রিরত্ন পরম আধার বা আশ্রয়। কাদের নিকট ত্রিরত্ন পরম আধার বা আশ্রয়? ত্রিরত্ন বন্দনা কী? প্রতিদিনের তিনটি কর্ম লেখ। ১+১+৩=৫

গ. তোমরা কখন প্রদীপ পূজা কর? প্রদীপের আলো কী দূর করে? তোমরা কেন প্রদীপ দিয়ে বুদ্ধকে পূজা কর তা তিনটি বাক্যে লেখ। ১+১+৩=৫

ঘ. এমন একটি সময় আছে যখন নতজানু হয়ে হাত জোড় করে বসতে হয়। কখন নতজানু হয়ে হাত জোড় করে বসতে হয়? উক্ত কাজের পর প্রথমে কী করতে হয়? দশশীল থেকে তিনটি শীলের বাংলা অনুবাদ লেখ। ১+১+৩=৫

ঙ. গৌতম বুদ্ধ একটি ধর্মের প্রবর্তক। তিনি কোন ধর্মের প্রবর্তক? এ ধর্মের অনুসারী কারা? তাদের ধর্মগ্রন্থের তিনটি অংশের নাম লেখ। ১+১+৩=৫

চ. বুদ্ধের একজন প্রধান সেবক ছিলেন। তিনি কে? তাঁর পিতার নাম কী? তিনটি বাক্যে তার পরিচয় লেখ। ১+১+৩=৫

ছ. তোমাদের ধর্মের প্রবর্তক কে? তোমাদের ধর্মের ঐতিহাসিক স্থান সম্পর্কে ৪টি বাক্য লেখ। ১+৪=৫

জ. সামাজিক অনুষ্ঠানে যোগদান করলে কী উপকার হয় দুইটি বাক্যে লেখ। তুমি একটি ধর্মীয় অনুষ্ঠানে গিয়ে আনন্দ উপভোগ করেছ। এতে তুমি যা শিখেছ তা তিনটি বাক্যে লেখ। ২+৩=৫

ঝ. কুশল কর্ম কী? আর্য অষ্টাঙ্গিক মার্গ কী? আমাদের কীভাবে চাহিদা মেটানো উচিত? ১+১+৩=৫

ঞ. আনন্দের পিতা-মাতার নাম কী? বুদ্ধের ব্যক্তিগত সেবক নিযুক্ত হওয়ার জন্য আনন্দের ৮টি শর্তের চারটি শর্ত লেখ। ১+৪=৫

Teachingbd.com

উত্তরমালা

১. ১. গ. মধ্যম পন্থা; ২. ঘ. জীবনে বুদ্ধের উপদেশ মেনে চলবো; ৩. খ. শিক্ষকের সাথে বিষয়টি নিয়ে কথা বলবো; ৪. খ. দুঃখ মুক্তির জন্য; ৫. ক. অন্যকে সম্মান করবো; ৬. ঘ. বিপদে অন্যকে সাহায্য করবো; ৭. খ. তাৎক্ষণিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; ৮. ঘ. সকলের সুখে-দুঃখে পাশে থাকি; ৯. ঘ. একতাবদ্ধ হয়ে চেষ্টা করবো; ১০. গ. সুর করে; ১১. ক. ধর্মীয় রীতিনীতি সঠিক রাখতে; ১২. ঘ. কৃপণ; ১৩. ঘ. বন্ধুকে একটি বিস্কুট দিবো; ১৪. খ. চরিত্রবানের শ্রেষ্ঠত্ব প্রমাণের জন্য; ১৫. ক. শীল পালন করবো; ১৬. গ. মনে প্রাণে বিশুদ্ধ হতে; ১৭. ঘ. ছাগল ছানাকে রক্ষা করা; ১৮. খ. যুক্তির মাধ্যমে সত্য প্রমাণ করবো; ১৯. ক. ধর্ম ও দর্শনের জ্ঞান বৃদ্ধিতে; ২০. গ. ধম্মসঙ্গানি; ২১. গ. পট্ঠান; ২২. ক. অভিধর্ম সম্পর্কে জানবো; ২৩. ঘ. কর্মবাদ; ২৪. গ. ভালকর্ম; ২৫. ক. দুক্খ; ২৬. খ. পুণ্যবানের; ২৭. খ. জাতিভেদের বিপক্ষে; ২৮. খ. সংগীতির মাধ্যমে; ২৯. খ. খারাপ কিছু ঘটার সম্ভাবনা আছে; ৩০. ক. অন্যের জিনিসের প্রতি লোভ করা ভাল নয়; ৩১. ঘ. তক্ষশিলা বিশ্ববিদ্যালয়; ৩২. ক. কক্সবাজারে; ৩৩. ক. সাহেত-মাহেত; ৩৪. গ. পুণ্য; ৩৫. গ. অর্জিত পুণ্যের দ্বারা সুখী হওয়ার জন্য; ৩৬. ঘ. সে আনন্দ উপভোগ করবে; ৩৭. ঘ. সত্য; ৩৮. ক. করুণাবান; ৩৯. ক. ১৯৭১; ৪০. খ. পালি; ৪১. ক. পালি; ৪২. ঘ. স্বরবর্ণ; ৪৩. ক. অঘোষ; ৪৪. খ. ছন্দক; ৪৫. গ. পরম গুরু; ৪৬. ক. সন্ধ্যা বেলা; ৪৭. ঘ. বিদ্যা ও চরিত্র; ৪৮. খ. তৃতীয় সংগীতি; ৪৯. ঘ. লোভ, দ্বেষ; ৫০. ঘ. হংসবতী।

২. ক. সিদ্ধার্থ গৌতম অল্প সময়ে চৌষট্টি রকমের লিপি শিক্ষা সমাপ্ত করেন।

খ. পৃথিবীতে মাতা-পিতা হলেন আমাদের পরমগুরু।

গ. দানের দ্বারা আমাদের চিত্ত পরিশুদ্ধ হয়।

ঘ. ভিক্ষু হতে হলে প্রথমে আমাকে শ্রামণ হয়ে দশশীল পালন করতে হবে।

ঙ. নিয়ম-কানুন পালনের মাধ্যমে।

চ. কর্মফলের কারণে সুখ ও দুঃখ ভোগ করব।

ছ. সত্য, ন্যায়, সচ্চরিত্র, অহিংসা, সংযম প্রভৃতি নিয়ম পালন করে প্রকৃত থের বা থেরী হওয়া যায়।

জ. সংস্কৃত, পালি, বাংলা, হিন্দি ও ইংরেজি।

ঝ. ঐতিহাসিক স্থান দর্শন করব।

ঞ. বৌদ্ধধর্মের।

ট. অভিধর্ম পিটককে ত্রিপিটকের প্রাণ বলা হয়।

ঠ. জাতকের উপদেশ।

ড. সুশীল বালক বলতে চরিত্রবান বালককেই বোঝায়।

ঢ. শ্রাবস্তী, বৈশালী, রাজগৃহ, নালন্দা, তক্ষশিলা।

ণ. পালি স্বরবর্ণ আটটি, যথা— অ, আ, ই, ঈ, উ, ঊ, এ, ও।

Teachingbd.com